

**বাংলাদেশে পল্লী উন্নয়ন বোর্ড**  
**ইরেসপো কর্মসূচি**  
**পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।**


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০১.০০৪.২১.১৫৮

তারিখ: ০৪/০৩/২০২৫

বিষয়: ঋণী সমিতির পাশ বই নিয়মিত অডিটকরণপূর্বক রিপোর্ট প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণ সরাসরি সুফলভোগীদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে স্থানান্তর করা হয়ে থাকে। এতে করে ঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়। কিন্তু, সম্প্রতি উপজেলা পরিদর্শনে প্রতিয়মান হয়েছে যে, উপজেলা পর্যায়ে সদস্যদের পাশ বই অনুযায়ী জমা এবং সফটওয়্যার/ডব্লিউসিএস বা ব্যাংকে জমায় গড়মিল রয়েছে। ফলে, কিছু অসাধু কর্মচারীর কার্যক্রমের কারণে মাঠ পর্যায়ে কিস্তি খেলাপী, মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি এবং আত্মসাৎ হস্তমজুদ রয়েছে মর্মে প্রতিয়মান হয়েছে। তাই প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা বৃদ্ধি, খেলাপী হ্রাস, আত্মসাৎ ও সকল অনিয়মের প্রতিরোধকল্পে নিম্নোক্ত ছক মোতাবেক সংশ্লিষ্ট উপজেলার হিসাব সহকারী ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা প্রতি মাসে প্রত্যেক মাঠ সংগঠক নূন্যতম ০২ (দুই) টি করে সর্বমোট ০৬ টি সমিতি সরেজমিনে পরিদর্শন করে পাশ বই অডিটকরণপূর্বক সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার মাধ্যমে নিম্নোক্ত ছকে স্বাক্ষরিত রিপোর্ট পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় সংশ্লিষ্ট উপজেলার প্রকল্পভুক্ত কর্মচারীগণের বেতন স্থগিত রাখা হবে। উল্লেখ্য প্রতি মাসে একই সমিতির পাশ বই অডিট করা যাবে না, পর্যায়ক্রমে সকল ঋণী সমিতির পাশ বই অডিট হওয়ার পর পুনরায় ১ম থেকে সকল সমিতি সমূহের পাশ বই অডিট সম্পন্ন করে নিয়মিত প্রতি মাসে প্রতিবেদন দিতে হবে।

সমিতির নাম ও আইডি নং	সমিতির সদস্য সংখ্যা	মাঠ সংগঠকের নাম	পরিদর্শনে সমিতি প্রাপ্ত পাশ বহির সংখ্যা	পাশ বই অনুযায়ী		সফটওয়্যার/ডব্লিউসিএস বা ব্যাংকে জমা অনুযায়ী		হস্তমজুদ/পার্থক্য
				সঞ্চয়	ঋণ আদায় (সেবামূল্যসহ)	সঞ্চয়	ঋণ আদায় (সেবামূল্যসহ)	
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা .....জেলা.....

অনুলিপি:সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. উপপরিচালক, বিআডিবি (সংশ্লিষ্ট জেলা).....
০২. উপপ্রকল্প পরিচালক (সকল), ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।
০৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
০৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো (সংশ্লিষ্ট জেলা).....
০৬. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
০৭. অফিস নথি/গার্ড ফাইল।